

# Times Today BD

ইমরান হোসেন রাজ | দেশজুড়ে | 24 June, 2025

যশোরের ষষ্ঠীতলার চিহ্নিত সন্ত্রাসী ইব্রাহিম হোসেন ডলার ওরফে দুইংকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ। গতকাল সোমবার রাত সোয়া ১০টার দিকে কোতোয়ালী মডেল থানাধীন রেলগেট এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত ডলার কোতোয়ালী মডেল থানাধীন ষষ্ঠীতলা গ্রামের বাচ্চু মিয়ার ছেলে।

জেলা ডিবি সূত্রে জানা যায়, ডলারের বিরুদ্ধে বিভিন্ন থানায় হত্যা, অস্ত্র, বিস্ফোরক, মাদক, এবং দ্রুত বিচার আইনসহ মোট ২৪টি মামলা বিচারাধীন রয়েছে। এছাড়াও, তার বিরুদ্ধে ৫টি জিআর গ্রেপ্তারি পরোয়ানা জারি ছিল। দীর্ঘদিন ধরে সে পলাতক ছিল এবং এলাকায় বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়ে আসছিল।

জেলা গোয়েন্দা শাখার এসআই রাজেশ কুমার দাশ, এসআই মোঃ কামাল হোসেন, এবং এসআই নির্মল কুমার ঘোষের নেতৃত্বে একটি দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ডলারকে গ্রেপ্তার করে।

ডিবি পুলিশ জানিয়েছে, গ্রেপ্তারকৃত ডলারকে আজ মঙ্গলবার বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। তার গ্রেপ্তারের ফলে ষষ্ঠীতলা এলাকায় সন্ত্রাসী কর্মকাণ্ড কমে আসবে বলে আশা করা হচ্ছে।